15 JUN 2016

দৈনিক
ইত্তেফাক

# কারিগরি বোর্ডের সনদধারীদের মেডিক্যাল টেকনোলজিস্ট পদে নিয়োগ দেওয়ার হাইকোর্টের রায় বহাল

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে স্বাস্থ্য বিষয়ে ডিপ্লোমাধারীদেরকে সরকারি, স্বায়ত্তশাসিত বা আধা সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ দেওয়া সংক্রান্ত হাইকোর্টের রায় বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। এ সংক্রান্ত এক স্থগিত আবেদনের শুনানি শেষে আপিল বিভাগের চেম্বার আদালতের বিচারপতি [illegible] হোসেইন হায়দার গতকাল মঙ্গলবার এই আদেশ দেন।

গত ২৪ মে হাইকোর্ট কারিগরি শিক্ষা বোর্ড থেকে স্বাস্থ্য বিষয়ে ডিপ্লোমাধারীদেরকে সরকারি, স্বায়ত্তশাসিত বা আধা সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ দিতে বাধা নেই মর্মে রায় দেয়। রায়ে বলা হয়, এসব ডিপ্লোমাধারীদেরকে চাকরিতে আবেদন বা নিয়োগদানের ক্ষেত্রে কোনো প্রকারের বৈষম্য করা যাবে না। রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ ও কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণদের মধ্য থেকে যারাই আবেদন করবে তাদের মধ্য থেকে যারা মেধাবী ও যোগ্য তাদেরকে নিয়োগ দিতে হবে। হাইকোর্টের এই রায় স্থগিত চেয়ে আবেদন করেন রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক অনুমোদিত ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজির শিক্ষার্থীরা। আবেদনের পক্ষে সাবেক বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী, অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম এবং রিটকারীর পক্ষে ব্যারিস্টার শফিক আহমেদ ও অ্যাডভোকেট কেএম হাফিজুল আলম শুনানি করেন। শুনানি শেষে চেম্বার আদালত হাইকোর্টের রায়ের ওপর কোনো হস্তক্ষেপ করেনি।